

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১৫টি প্রতিষ্ঠানকে ১,৫২ লক্ষ টাকা জরিমানা

১৪ মার্চ ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয়ের ৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মাদারীপুর, রাজবাড়ী ও মাগুরায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জবার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর সায়দাবাদ এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মনিং ফুড এন্ড বেকারী, নিউ মদিনা বেকারী ও নিউ বিসমিল্লাহ হোটেলকে যথাক্রমে ৪০,০০০/- (চলিশ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মজিদ বেকারীকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ১,২৯,০০০/- (এক লক্ষ উন্ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জামাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর বালিয়াকান্দি ও রাজবাড়ী সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকা এবং মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরার শালিখা উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকাসহ মোট ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আব্দুল মজিদ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে পিয়াসা হোটেল এন্ড রেস্টুরেন্টকে ২,০০০/- (দুই হাজার) টাকা ও সহকারী পরিচালক রজবী নাহার রজবী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ইনোটেল বাটন রেগ লিমিটেডকে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়।

আজকের ৪টি বাজার তদারকির ও ২টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১৫টি প্রতিষ্ঠানকে মোট ১,৫২,৫০০/- (এক লক্ষ বাহার হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে মৎ ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-  
(মোঃ মাসুম আরেফিন)  
সহকারী পরিচালক (তদন্ত)

#### অনুলিপি (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা ও খুলনা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, মাদারীপুর, রাজবাড়ী ও মাগুরা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, মাদারীপুর, রাজবাড়ী ও মাগুরা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।